

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।
mirzapur.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩৭৭.০০০.১৬.০৩৯.২০-২৬০

তারিখ : ১৬ চৈত্র, ১৪২৯
৩০ মার্চ, ২০২৩

“দোকান বরাদ্দের ২য় পুনঃ বিজ্ঞপ্তি”


এতদ্বারা টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, মির্জাপুর, টাঙ্গাইল এর ১ম ও ২য় তলার কক্ষ সমূহ দোকান হিসেবে ব্যবহারের নিমিত্ত বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

“আবেদন পত্র সংক্রান্ত তথ্যাবলী”

০১	আবেদন ফরম বিতরণের তারিখ	০২ এপ্রিল, ২০২৩ খ্রি. (অফিস চলাকালীন সময়)
০২	আবেদন ফরম বিতরণের শেষ তারিখ	১৬ এপ্রিল, ২০২৩ খ্রি. (অফিস চলাকালীন সময়)
০৩	আবেদন ফরম জমার তারিখ ও স্থান	১৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়।
০৪	আবেদন ফরম প্রাপ্তির স্থান ও মূল্য	জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়। আবেদন ফরম মূল্য ৩০০/- (তিনশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)।
০৫	আবেদন পত্র জমাকৃত বাক্স খোলার তারিখ, সময় ও স্থান	১৭ এপ্রিল, ২০২৩ খ্রি., বিকাল ৩.০০ ঘটিকা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়।
০৬	দোকান ভাড়ার সময়সীমা	বরাদ্দের তারিখ হতে ০৫ (পাঁচ) বছর।
০৭	দোকান ভাড়া ও জামানতের পরিমাণ	নীচ তলার ০৪ টি দোকানের জন্য প্রতিটি মাসিক (ন্যূনতম) : ভাড়া=৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র ও প্রতিটি জামানত=১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। ২য় তলার ০৪ টি দোকানের জন্য প্রতিটি মাসিক (ন্যূনতম) : ভাড়া=৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র ও প্রতিটি জামানত=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

-ঃ শর্তাবলী :-

- ০১। নির্ধারিত আবেদন ফরমে আবেদন পত্র দাখিল করতে হবে।
- ০২। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ পত্র ও ট্রেড লাইসেন্স (হালনাগাদ) জমা দিতে হবে।
- ০৩। প্রতিটি দোকানের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারীর অনুকূলে দোকান বরাদ্দ দেওয়া হবে।
- ০৪। নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে আবেদন পত্র দাখিল করা যাবে না।
- ০৫। প্রতিটি দোকানের বিপরীতে ন্যূনতম নির্ধারিত ভাড়া ও জামানতের পরিমাণ কম উল্লেখ করলে আবেদন পত্র সরাসরি বাতিল হবে।
- ০৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ০৭। ০৫ (পাঁচ) বছরের জন্য দোকান বরাদ্দ প্রদান করা হবে।
- ০৮। দোকান বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিকে দোকানের মাসিক ভাড়ার সাথে বিদ্যুৎ বিল/গ্যাস বিল পরিশোধ করতে হবে।
- ০৯। বরাদ্দকৃত দোকানে অনৈতিক, আইন বিরোধী, রাষ্ট্র বিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১০। দোকান বরাদ্দের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্তভাবে বিবেচিত হবে।
- ১১। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় যে কোন বরাদ্দকৃত দোকান বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১২। কর্তৃপক্ষ অত্র বিজ্ঞপ্তি যে কোন সময় কোন কারন দর্শানো ব্যতিরেকে পরিবর্তন, পরিবর্ধন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি
মির্জাপুর, টাঙ্গাইল।